

ফেলোশীপ বিজ্ঞপ্তি

বিষয় : বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প এর আওতায় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশীপ।

অবিজ্ঞানের বিষয়সমূহে দেশে / বিদেশে উচ্চতর শিক্ষায় (এম এস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশীপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১। কেবলমাত্র বিজ্ঞানের বিষয়সমূহে নিম্নবর্ণিত সংখ্যায় ফেলোশীপ প্রদান বিবেচনা করা হবে:

ক. এম এস (বিদেশে) - ১৩ টি

খ. পিএইচডি (বিদেশে) - ০৬টি

গ. পিএইচডি (দেশে) - ০৭টি

ঘ. পিএইচডি উত্তর (দেশে) - ০৭টি

২। বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের নূন্যতম ৩টি প্রথম বিভাগ/ শ্রেণী থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য হবেনা।

৩। যে সকল দেশের বিশ্ববিদ্যালয় / ইন্সটিটিউট সমূহে ভর্তি হলে ফেলোশীপ এর যোগ্য হবেন :

ক. ইউরোপ, ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড, চীন, দক্ষিণ কোরিয়া, সিংগাপুর এবং জাপান

খ. দেশে ডিগ্রির জন্য বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এ ভর্তি হলে ফেলোশীপ এর যোগ্য হবেন।

৪। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে দরখাস্ত আহবানের তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বছর। সরকারী, আধা সরকারী, এবং স্বায়ত্বশাসিত গবেষণা উন্নয়ন সংস্থার বিজ্ঞানী এবং

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে বয়স ৪০ বছর এবং পিএইচডি উত্তর কোর্সে কোন বয়সসীমা থাকবেনা।

৫। যারা এমএস (MS) পিএইচডি (PhD), পিএইচডি উত্তর (Post PhD) কোর্সে ভর্তি হয়েছেন কিন্তু আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন আরম্ভ করতে পারছেন না কেবলমাত্র সে সকল প্রার্থীকেই বিবেচনায় আনা হবে।

৬। স্নাতকোত্তর পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।

৭। কম্পিউটার সম্পর্কে Word, Windows, Excel, Access, PowerPoint, Email, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে দেশী/ বিদেশী জানালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। অগ্রহীণ প্রকল্প পরিচালকের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ফেলোশীপের আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে পারবেন অথবা প্রার্থীর নিজ ঠিকানায়ুক্ত ও অব্যবহৃত ১০ টাকার টিকেট সহ খাম প্রেরণ পূর্বক ডাকযোগেও ফরম সংগ্রহ করতে পারবেন। এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (www.mosict.gov.bd.) এবং ৩ এ বর্ণিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতেও ডাউনলোড করা যাবে।

৯। মনোনীত প্রার্থীদের প্রতিবছর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।

১০। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক গঠিত একটি কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের সুপারিশ করবেন।

১১। নির্বাচিত ফেলোর গ্রান্টারগন এই মর্মে ২০০ টাকার ননজুডিশিয়াল স্টাম্প বন্ড প্রদান করবেন যে ডিগ্রি লাভের পর নিজ দেশের সরকারী অথবা কোন সংস্থায় চাকুরী/ সেবা প্রদান করবেন।

১২। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায় সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।

১৪। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পরীক্ষার মার্কশীট / গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামত এবং স্পন্দনশীপ সার্টিফিকেট সমূহ সহ পূরণকৃত আবেদনপত্র আগামী ১৪-১২-২০১৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট (প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR), ৩৪, ডঃ কুদরত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫) পৌছাতে হবে।

১৫। অধ্যয়নরত প্রার্থীগন স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর ১৪-১২-২০১৪ তারিখের মধ্যেই আবেদন করবেন। এবং উপাচার্যগন প্রার্থীদের মনোনয়ন তাদের জন্য নির্ধারিত সময়ে প্রকল্প পরিচালক এর নিকট পেরণ করবেন।

১৬। যাদের ১ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা নেই তাদের আবেদন করার কোন প্রয়োজন নেই।

১৭। সরকারী / আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।

মোঃ সাইফুল্লাহ (অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক

ফোন-০২৯৬৭৭৪৮৫

Email: mdsaifullah56@yahoo.com